আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা-১০০০।
***Website: www.bb.org.bd***

ডিএফআইএম সার্কুলার লেটার নং-১৩ তারিখঃ ৫ আগস্ট ২০১৯ / ২১ শ্রাবণ ১৪২৬

প্রধান নির্বাহী/ব্যবস্থাপনা পরিচালক
বাংলাদেশে কার্যরত সকল আর্থিক প্রতিষ্ঠান

প্রিয় মহোদয়,

**<u>বাড়ি/স্থাপনা ভাড়া চুক্তি নবায়নের সময় বাংলাদেশ ব্যাংকের পূর্বানুমোদন গ্রহণ প্রসঙ্গে।</u>**

শিরোনামোক্ত বিষয়ে ডিএফআইএম সার্কুলার নং-০৭, তারিখঃ জুন ২৮, ২০১০ এবং সার্কুলার লেটার নং-০৪, তারিখঃ ০৭ সেপ্টেম্বর ২০১৫ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

আর্থিক প্রতিষ্ঠানসমূহের বাড়ি/স্থাপনা ভাড়া/ইজারা গ্রহণে অধিকতর স্বচ্ছতা নিশ্চিত করার লক্ষ্যে উপরোক্ত সাকুর্লার/সাকুর্লার লেটারে বর্ণিত নির্দেশাবলি অক্ষুন্ন রেখে নিম্লোক্ত বিয়য়াবলি পরিপালন করতে হবে ঃ-

(ক) আর্থিক প্রতিষ্ঠানসমূহের বাড়ি ভাড়া সংক্রান্ত প্রথম চুক্তির মেয়াদ হবে সর্বনিম্ন ৩ (তিন) বছর এবং নবায়নকৃত চুক্তির মেয়াদ হবে সর্বনিম্ন ২ (দুই) বছর।

(খ) বিদ্যমান চুক্তির মেয়াদান্তে নবায়নের ক্ষেত্রে ২ (দুই) বছরের জন্য ভাড়া বৃদ্ধির হার ১০% এর অধিক এবং ৩ (তিন) বছর বা তদুর্দ্ধ সময়ের ক্ষেত্রে ১৫% এর অধিক হলে বাংলাদেশ ব্যাংকের পূর্বানুমোদন গ্রহণ করতে হবে।

এ নির্দেশ অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত



(জয়শ্রী বাগচী)
উপ-মহাব্যবস্থাপক
ফোন ঃ ৯৫৩০২৪৯